

জেনারেশন নিউ এরা (GENERATION NEW ERA)-র অংশ হওয়ার আপনার সুযোগ

প্রিয় বাবা/মা,

আমরা আপনাকে জানাতে লিখছি যে আপনার কাছে **জেনারেশন নিউ এরা**- 2026 সালে জন্মগ্রহণকারী শিশুদের এবং তাদের পরিবারদের নিয়ে যুক্তরাজ্যে পরিচালিত একটি নতুন অধ্যয়ন-এর অংশ হওয়ার সুযোগ রয়েছে। আপনি যদি আপনার শিশুর অন্য বাবা বা মায়ের সাথে থাকেন তাহলে তারাও হয়তো এই চিঠিটি পেয়েছেন।

এই অধ্যয়নে শিশুদের স্বাস্থ্য এবং আমাদের পরিবর্তনশীল বিশ্বে তারা কীভাবে বড় হচ্ছে সে সম্পর্কে গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ করা হবে। এটি যুক্তরাজ্য জুড়ে পরিবারগুলোর জন্য সহায়তা উন্নত করতে সাহায্য করবে। এতে বাবা-মায়ের সাথে তাদের নিজেদের বিষয়ে এবং তাদের শিশুদের বিষয়ে সাক্ষাৎকার অন্তর্ভুক্ত রয়েছে। ধন্যবাদ জ্ঞাপন হিসাবে, অংশগ্রহণকারী প্রত্যেক মা-বাবা একটি ই-ভাউচার পাবেন।

জেনারেশন নিউ এরা (Generation new era) ইউনিভার্সিটি কলেজ লন্ডন (ইউসিএল) এর নেতৃত্বে পরিচালিত হচ্ছে। এই সাক্ষাৎকারগুলো তিনটি স্বাধীন গবেষণা সংস্থা—Ipsos, NatCen এবং Verian—দ্বারা পরিচালিত হবে। এটি ইকনমিক অ্যান্ড সোশাল রিসার্চ কাউন্সিল দ্বারা অর্থায়িত।

এর পরে কী ঘটবে?

- আপনাকে এখন কোনও সিদ্ধান্ত নিতে হবে না
- আগামী কয়েক মাসে, আমরা আপনাকে আরও বিস্তারিত তথ্য পাঠাব এবং অধ্যয়নে যোগদানের আমন্ত্রণ জানাব।
- এরপর একজন প্রশিক্ষিত সাক্ষাৎকার গ্রহণকারী আপনার ঠিকানায় আসবেন, আপনার কোনও প্রশ্ন থাকলে তার উত্তর দেবেন এবং জানতে চাইবেন আপনি অধ্যয়নে অংশ নিতে আগ্রহী কিনা।
- অংশগ্রহণ করবেন কিনা তা সর্বদা আপনার পছন্দ এবং আপনি যে কোনও সময় নিজের সম্মতি প্রত্যাহার করতে পারেন।
- আপনি যদি অধ্যয়ন সম্পর্কে আরও তথ্য পেতে না চান বা অংশ নিতে না চান তবে অনুগ্রহ করে আমাদের জানান এবং আমরা আপনার সাথে আর যোগাযোগ করব না। আপনি ফ্রিফোন 0800 151 0610-এ আমাদের কল করতে পারেন বা gnewstudy@ipsos.com-এ ইমেল পাঠাতে পারেন। অনুগ্রহ করে এই চিঠির উপরে থাকা আপনার রেফারেন্স নম্বর অন্তর্ভুক্ত করুন।

আপনার সাহায্যের জন্য আপনাকে অগ্রিমে ধন্যবাদ। আমরা আশা করি আপনি এই গুরুত্বপূর্ণ অধ্যয়নে অংশগ্রহণ করবেন। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এই চিঠির পিছন দিকে দেওয়া প্রশ্নোত্তরগুলো পড়ুন।

আপনার আন্তরিকভাবে,

প্রফেসর আলিসা গুডম্যান, CBE
অধ্যয়ন পরিচালক, যুক্তরাজ্য
ইউনিভার্সিটি কলেজ লন্ডন

এতে কী অন্তর্ভুক্ত থাকবে?

আমরা মায়েদের এবং বাবাদের একটি সাক্ষাৎকারে অংশ নিতে বলব। একজন বাবা/মায়ের সাক্ষাৎকারে প্রায় 60 মিনিট সময় লাগবে এবং অন্য বাবা/মায়ের জন্য প্রায় 30 মিনিট সময় লাগবে। **অধ্যয়নে অংশগ্রহণ সম্পূর্ণভাবে আপনার পছন্দ।**

কয়েক বছর অন্তর আমরা আবার আপনার সাথে কথা বলতে চাইব যাতে আমরা জানতে পারি যে আপনার সন্তান বড় হওয়ার সাথে-সাথে কেমন করছে - পরবর্তী সাক্ষাৎকার সম্ভবত তাদের বয়স 3 বছর হলে হবে। **আপনি অংশগ্রহণ করবেন কি না সে সিদ্ধান্ত সব সময় আপনার উপর নির্ভর করে।**

আমাকে এই অধ্যয়নের জন্য কীভাবে নির্বাচন করা হয়েছে?

অংশগ্রহণের জন্য আমন্ত্রিত পরিবারগুলো যুক্তরাজ্যের প্রতিটি অঞ্চল এবং সামগ্রিক বৈচিত্র্যকে প্রতিফলিত করে।

ইংল্যান্ড এবং ওয়েলসের **জন্য** NHS ইংল্যান্ড এবং স্কটল্যান্ডের জন্য পাবলিক হেলথ স্কটল্যান্ড এবং ন্যাশনাল রেকর্ডস অব স্কটল্যান্ড থেকে জন্মের রেকর্ড থেকে আপনার পরিবারকে এলোমেলোভাবে বেছে নেওয়া হয়েছে তারা আপনার নাম, ঠিকানা এবং আপনার আর আপনার শিশুর বিষয়ে অতিরিক্ত তথ্য সরবরাহ করেছেন।

আপনার সাথে যোগাযোগ করার জন্য জন্মের রেকর্ড থেকে তথ্য পাওয়ার জন্য আমার NHS ইংল্যান্ড-এর ডাটা-র জন্য স্বাধীন উপদেষ্টা গোষ্ঠী এবং NHS স্কটল্যান্ড-এর পাবলিক বেনিফিট এবং প্রাইভেসি প্যানেল থেকে বিশেষ অনুমোদন পেয়েছি। গোপনীয়তা উপদেষ্টা গোষ্ঠীর পরামর্শের ভিত্তিতে, সম্মতি ছাড়া রোগীর গোপনীয় তথ্য ব্যবহারের বিষয়টি হেলথ রিসার্চ অথরিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। তারা অধ্যয়নটি সতর্কতার সাথে পর্যালোচনা করেছেন যাতে সুনিশ্চিত করা যেতে পারে যে আপনার ডাটা এবং গোপনীয়তা যেন সুরক্ষিত থাকে।

যদি আমি আমার শিশুর অন্য বাবা/মায়ের থেকে আলাদা থাকি?

প্রতিটি সন্তানের জীবন সম্পূর্ণভাবে বোঝার জন্য আমরা এমন মা বা বাবাদেরও অন্তর্ভুক্ত করতে চাই যারা সন্তানের অন্য অভিভাবক থেকে আলাদা থাকেন। আপনি যদি আপনার সন্তানের অন্য বাবা কিংবা মা থেকে আলাদা থাকেন তাহলে আপনার সাক্ষাৎকারের সময় আমরা তাদের সাথে যোগাযোগ করার বিষয়ে আপনাকে জিজ্ঞাসা করব। আপনি যদি চান যে আমরা আপনার সন্তানের অন্য বাবা বা মায়ের সাথে যোগাযোগ না করি, কিংবা আপনার যদি কোনও উদ্বেগ থাকে তাহলে আপনি আপনার সাক্ষাৎকার গ্রহণকারীকে তা জানাতে পারেন।

আমার তথ্যকে কীভাবে সুরক্ষিত রাখা হবে?

আপনার উত্তরগুলিকে সম্পূর্ণভাবে গোপন রাখা হবে এবং শুধুমাত্র গবেষণার উদ্দেশ্যে ব্যবহার করা হবে। GDPR-এর আওতায় জনস্বার্থে পরিচালিত একটি কাজ হিসেবে এই অধ্যয়নটি পরিচালিত হওয়ায় UCL-কে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করার অনুমতি দেওয়া হয়েছে—GDPR হলো সেই আইন যা আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখে। আপনি যদি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাহলে জন্মের রেকর্ড থেকে পাওয়া আপনার এবং আপনার শিশুর নাম ও ঠিকানা সংরক্ষণ করা হবে না বা কোনও অন্য উদ্দেশ্যে ব্যবহার করা হবে না। জন্ম রেকর্ড থেকে আমরা সীমিত জনসংখ্যাগত তথ্য ব্যবহার করব যাতে বুঝতে পারি কে অংশ নিচ্ছে আর কে নিচ্ছে না, এবং যাতে ফলাফলগুলো যুক্তরাজ্যের বিভিন্ন ধরনের পরিবারকে প্রতিফলিত করে। তারপর আমরা এই তথ্য সুরক্ষিতভাবে মুছে ফেলবো।

সম্পূর্ণ বিবরণের জন্য, অনুগ্রহ করে gnestudy.info/privacy তে আমাদের গোপনীয়তা নোটিস দেখুন।

24-030189-01/M-L02G (Bengali)



National Centre
for Social Research

verian

@ gnestudy@ipsos.com

0800 151 0610

gnestudy.info

@gnestudy

FREEPOST
IPSOS GNE STUDY